

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd


স্মারক নং-৩৭.০০.০০০০.৯৫.৯৯.০০৮.২০২২. ২৩৩

তারিখ: ২৩ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
০৪ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয় : জনাব বিপ্রদাস সরকার, ভারপ্রাপ্ত অধ্যক্ষ, কৃষ্ণপুর সপ্তদশ পল্লী মহাবিদ্যালয়, সদর, গোপালগঞ্জ -এর বিরুদ্ধে ভারপ্রাপ্ত অধ্যক্ষ পদে থাকার বিষয়ে কারণ দর্শানোর নোটিশ প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব বিপ্রদাস সরকার, ভারপ্রাপ্ত অধ্যক্ষ, কৃষ্ণপুর সপ্তদশ পল্লী মহাবিদ্যালয়, সদর, গোপালগঞ্জ-এর বিরুদ্ধে অনিয়ম ও জালিয়াতির কারণে বাঁধাগ্রস্ত এমপিও কার্যক্রম সচলকরণ অভিযোগের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর কর্তৃক তদন্ত করা হয়। অভিযুক্ত অধ্যক্ষ তদন্তকালীন সময়ে কোন খাতাপত্র ও রেজুলেশন খাতা দেখতে পারেননি এবং দীর্ঘদিন যাবত কোনে আয় ব্যয়ের হিসাব দেখাতে পারেনি মর্মে তদন্ত প্রতিবেদনে প্রমানিত।

বর্গিতাবস্থায়, জনাব বিপ্রদাস সরকার, ভারপ্রাপ্ত অধ্যক্ষ, কৃষ্ণপুর সপ্তদশ পল্লী মহাবিদ্যালয়, সদর, গোপালগঞ্জ-এর বিরুদ্ধে অনিয়ম ও জালিয়াতির কারণে বাঁধাগ্রস্ত এমপিও কার্যক্রম সচলকরণ অভিযোগের বিষয় প্রমাণিত হওয়ায় আপনার বিরুদ্ধে কেন বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে না মর্মে তাঁর জবাব এ আদেশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে প্রদানের জন্য অনুরোধ করা হলো।


(মো: শাহীনুর ইসলাম) ০৪/৪/২০২৪
উপসচিব

বর্তমান কর্মস্থল:

জনাব বিপ্রদাস সরকার, ভারপ্রাপ্ত অধ্যক্ষ,
কৃষ্ণপুর সপ্তদশ পল্লী মহাবিদ্যালয়, সদর, গোপালগঞ্জ।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।